# সীমান্তে বিএসএফ সদস্যের গুলিতে দুই বিএসএফ সদস্য নিহত




ছবিঃ সংগৃহীত

ভারতের পশ্চিমবঙ্গের মালদহে বিএসএফের একটি ক্যাম্পে সহকর্মীর গুলিতে দুই সদস্য নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হয়েছেন।
বৃহস্পতিবার (২৩ জুলাই) জেলার বৈষ্ণবনগর এলাকায় বিএসএফ ক্যাম্পে এ ঘটনা ঘটে। জানা গেছে, ১১৯ ও ৭১ নম্বর ব্যাটালিয়নের কয়েকজন সদস্যের মধ্যে প্রথমে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে গুলির ঘটনা ঘটে।

অভিযোগ উঠেছে, ১১৯ নম্বর ব্যাটালিয়নের সদস্য শিবম মিশ্র সহকর্মীদের লক্ষ্য করে গুলি চালান। তার গুলিতে ৭১ নম্বর ব্যাটালিয়নের দুই সদস্য নিহত এবং আরও একজন গুরুতর আহত হন। শিবম মিশ্র ছত্তিশগড়ের বাসিন্দা বলে জানা গেছে।

LENS ASIA

নিহত দুই বিএসএফ সদস্য হলেন ৫১ বছর বয়সী অজয় কুমার সিং ও ৩৭ বছর বয়সী আম্বদর সুরেশ দরগু। গুলিবিদ্ধ ৪৪ বছর বয়সী বিকাশ ব্রম্মকে গুরুতর অবস্থায় মালদহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহতদের মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

বিএসএফের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিকভাবে কোনো বক্তব্য দেওয়া হয়নি। তবে বাহিনী সূত্রে জানা গেছে, ঘটনার সময় সদস্যরা বিশ্রামে ছিলেন। সেই সময়ই গুলি চালানোর ঘটনা ঘটে।

অভিযুক্ত শিবম মিশ্রের বিরুদ্ধে এর আগেও সহকর্মীদের লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ উঠেছিল। ওই ঘটনায় বিএসএফের অভ্যন্তরীণ আইনে তাকে শাস্তি দেওয়া হয়েছিল। কয়েক দিন আগে সেই শাস্তির মেয়াদ শেষ হওয়ার পর তাকে বাড়ি পাঠানোর প্রক্রিয়া চলছিল বলে জানা গেছে।

ঘটনার পর বৈষ্ণবনগর থানার পুলিশ তদন্ত শুরু করেছে। পাশাপাশি বিএসএফের পক্ষ থেকেও পৃথক তদন্ত শুরু হয়েছে। বিএসএফের মালদহ সেক্টরের ডিআইজি সুরেন্দ্র কুমার ঝা জানিয়েছেন, অভিযুক্তকে আটক করা হয়েছে।